দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

6

তারিখ 31 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 4

# 'শিক্ষক সমাজের সহযোগিতা প্রয়োজন'

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ বলিয়াছেন, একটি সুশৃংখল ও শক্তিশালী জাতি গঠনের শেষ আশ্রয় হইতেছে শিক্ষা। শিক্ষাই কেবল একটি জাতিকে নিরক্ষরতা

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)



## শিক্ষক সমাজের সহযোগিতা

(১ম পৃ: পর)

ও বিকৃত সংস্কৃতির অভিশাপ হইতে রক্ষা করিতে পারে। গতকাল (সোমবার) প্রেসিডেন্ট বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের অফিস উদ্বোধন করেন। ফেডারেশনের চেয়ারম্যান প্রেসিডেন্ট এরশাদ বলেন, শিক্ষা বিস্তার শিক্ষিত জাতি গঠনে উহার মান বৃদ্ধি এবং শিক্ষা প্রতিষ্ঠান হইতে বিশৃংখলা দূরীকরণে শিক্ষক সমাজের সক্রিয় সহযোগিতা ও সমর্থনের একান্ত প্রয়োজন।

উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমেদ, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ও ফেডারেশনের মহাসচিব অধ্যাপক এ, কে, এম শহীদুল্লাহ অনুষ্ঠানে বক্তৃতা করেন। ফেডারেশনের সদস্যগণ শিক্ষা মন্ত্রণালয়ের এবং শিক্ষা পরিদপ্তরের কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পবিত্রতা পুনরুদ্ধার ও ছাত্রদের দেশের ভবিষ্যৎ সুনাগরিক হিসাবে গড়িয়া তুলিতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ।